মেহেরপুরে সাজাপ্রাপ্ত পলাতক আসামির এক যুগ পর আদালতে আত্মসমর্পণ

ফেনসিডিল রাখার অভিযোগে দুই বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি সোহাগ এক যুগ পর আদালতে আত্মসমর্পণ করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলের দিকে সোহাগ মেহেরপুর স্পেশাল ট্রাইবুনাল চতুর্থ আদালতে আত্মসমর্পণ করলে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

সোহাগ কুষ্টিয়ার হরিশংকরপুর গ্রামের তোফাজ্জল হোসেনের ছেলে। জানা গেছে ২০০৬ সালের ৩ সেপ্টেম্বর গাংনী থানার পুলিশ তাকে ফেনসিডিলসহ আটক করে। ওই ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়। যার মামলা নং ১। গাংনী থানা।

তারিখ ৩/৯/২০০৬। জি আর কেস নং ২৬৬/৬। এসটিসি নং ৮৫/৬।
পরে ২০৭ সালের ২৫ অক্টোবর সোহাগ দোষী প্রমাণিত হওয়ায় আদালত তাকে ২ বছরের সশ্রম কারাদ- এক হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ৫ মাসের কারাদন্ড প্রদান করেন। সে থেকে সোহাগ পলাতক ছিল।

এদিকে রায় ঘোষণা দীর্ঘ ১২ বছর পর গতকাল বৃহস্পতিবার আদালতে আত্মসমর্পণ করেন।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুর-২ গাংনীর এমপি সাহিদুজ্জামানের বাসার সামনে

২টি বোমা উদ্ধার

মেহেরপুর২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনের বাসভবনের সামনে থেকে লাল টেপ দিয়ে মোড়ানো ২টি শক্তিশালি বোমা উদ্ধার করা হয়েছে।

খবর পেয়ে ঘটনাস্থলে গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান ফোর্স নিয়ে বোমাগগুলো নিষ্ক্রিয় করার চেষ্টা করেন।

ওসি ওবাইদুর রহমান বলেন বিষয়টি তদন্ত করে জড়িতেদর আইনের আওতায় আনা হবে।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সরকারি ভাবে আমন ধান সংগ্রহ শুরু

মেহেরপুরে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে সরাসরি আমন ধান সংগ্রহ শুরু হয়েছে।
গতকাল বুধবার দুুপুরে শহরের তাহের ক্লিনিক পাড়ায় সরকারি গুদামে ধান সংগ্রহের উদ্বোধন করেন জেলা প্রশাসক আতাউল গনি।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন জেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম। জেলার তিন উপজেলার কৃষকদের কাছ থেকে সরাসরি ৩ হাজার ২৮৮ মেট্রিকটন ধান সংগ্রহ করবে খাদ্য বিভাগ।

প্রতিটি কৃষক ৫০০ কেজি করে ধান দেওয়ার সুযোগ পাবে। কৃষক নির্বাচন করা হবে লটারির মাধ্যমে।

জেলা প্রশাসক বলেন, ধান সংগ্রহে কোন প্রকারের অনিয়ম বরদাস্ত করা হবেনা। কেউ অনিয়ম করলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্তা নেওয়া হবে বলেও তিনি জানান।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তৃতীয় দিনের মত বাস ও ট্রাক চলাচল বন্ধ, যাত্রীদের দুর্ভোগ

সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে মেহেরপুর ও চুয়াডাঙ্গাতে তৃতীয় দিনের মতো যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রয়েছে।

পূর্ব ঘোষণা ছাড়াই সোমবার (১৮ নভেম্বর) দুপুর থেকে অনির্দিষ্টকালের জন্য বাস চলাচল বন্ধ করে দেন তারা।

তৃতীয় দিনে এর সাথে যুক্ত হয়েছে ট্রাক ও কাভার্ডভ্যান। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ ও দূরপাল্লার যাত্রীরা।

শ্রমিকরা জানায়, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন। এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।

চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, ‘শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।’

তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে।

সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল

স্বাভাবিক রয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

গাংনীর বামন্দিতে তৃতীয় এজেন্ট ব্যাংকিং কেন্দ্র উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দিতে তৃতীয় এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়েছে।
গতকাল বুধবার সকালের দিকে আনুষ্ঠানিক ভাবে তৃতীয় এজেন্ট ব্যাংকিং উদ্বোধন করেন

ইসলামী ব্যাংক যশোর জোনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এন্ড হেড অফ জোন মিজানুর রহমান ফিতা কেটে এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন ঘোষণা করেন।

ইসলামী ব্যাংক মেহেরপুর শাখার এফএভিপি শাখা প্রধান জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পানি উন্নয়ন বোর্ডের সাবেক পরিচালক এম এ গনি, বামুন্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এজেন্ট সাজ্জাদ হোসেন পলাশ।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীতে কামরুজ্জামান বুড়ো

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

খেলা শেষে অতিথিরা খেলোয়াড়দের মাঝে চ্যাম্পিয়ন ও রানার্স আপদের মাঝে পুরুস্কার হিসেবে ছাগল ও ট্রফিুতুলে দেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে ছহিউদ্দিন ফাউন্ডেশন জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে ছহিউদ্দিন ফাউন্ডেশন শিক্ষা ও যুব ক্রীড়া চক্র জয় লাভ করেছে।

গতকাল বুধবার বিকালে অনুষ্ঠিত খেলায় ছহিউদ্দিন ফাউন্ডেশন শিক্ষা ও যুব ক্রীড়া চক্র গোলে ৭-০ গোলে মেহেরপুর অ্যাপোলো ক্রীড়া চক্র কে পরাজিত করে।

বিজয় দলের পক্ষে রোকন ৩টি, সজীব ২টি, বশির ১ টি এবং শিশির ১টি গোল করেন। খেলা পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু, ফারা হোসেন লিটন, তাদের সহযোগিতা করেন আব্দুল কুদ্দুস।

পরে, কিউট এর উদ্যোগে মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লিগে অংশগ্রহণকারী খেলোয়াড়দের মধ্যে কিউট সামগ্রী বিতরণ করা হয়েছে।

হ্যান্ডবল লিগে অংশগ্রহণকারী ক্লাব প্রতিনিধিদের হাতে কিউট সামগ্রী তুলে দেয়া হয়। রেফারি কামাল হোসেন মিন্টু, আব্দুল কুদ্দুস, ফারাহ হোসেন লিটন উপস্থিত থাকে ক্লাব প্রতিনিধিদের হাতে কিউট সামগ্রী তুলে দেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পৌরসভার আধুনিক কসাইখানার উদ্বোধন

মেহেরপুর পৌরসভার উদ্যোগে একটি আধুনিক স্বাস্থ্য সম্পূর্ণ কসাইখানার নির্মাণ শেষে উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার দুপুরে পশু জবাইয়ের জন্য শহরের বোসপাড়ায় ভৈরব নদীর ধারে পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন কসাইখানা উদ্বোধন করেন।

এসময় জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আশকার আলী, পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, নুরুল আশরাফুরাজিব, সৈয়দ আব্দুল্লাহ বাপ্পি, জাফর ইকবাল, সচিব তফিকুল আলম, প্রকৌশলী মহাসিন আলীসহ পৌর কর্মকর্তা গণ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর গোভীপুরে সাড়ে ৬ হাজার শলাকা বিড়ি উদ্ধার ও জরিমানা আদায়

মেহেরপুর সদর উপজেলা গোভীপুর গ্রামে স্বাস্থ্য সতর্কতা বার্তা বিহীন বিড়ি উদ্ধার করার পর ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হযেছে।

গতকাল বুধবার সকালের দিকে এ জরিমানা আদায় করা হয়। এর আগে সকালে সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলামের নেতৃত্বে গোভিপুর গ্রাম থেকে ৬ হাজার ৫শ শলাকা বিড়ি উদ্ধার করা হয়।

একই সাথে বিড়ির মালিক বাসের ম-লের ছেলে সাজেদুল ইসলামকে আটক করা হয়। পরে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রণ আইনে তার নিকট ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তারেক রহমান এর ৫৪তম জন্মবার্ষিকী পালন

“তোমার অপেক্ষায় বাংলাদেশ” এই শিরোনামে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৪তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

গতকাল বুধবার সকালে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ কর্মসূচী পালন করা হয়। জেলা বিএনপির মাসুদ অরুনের সভাপতিত্বে অনুষ্ঠান অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, আনছারুল হক প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৫তম জন্মদিন উপলক্ষে চুয়াডাঙ্গায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফের নির্দেশনায় গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ছয়টায় জেলা বিএনপির দলীয় কার্যায়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক

আবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি।

জেলা জাসাস-এর সাধারণ সম্পাদক মো. সেলিমুল হাবিব সেলিমের উপস্থাপনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা মৎস্যজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু ও চুয়াডাঙ্গা পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সাবেক আহ্বায়ক খালিদ মাহমুদ মিল্টন, মহিলা দলের নেত্রী ও পৌর কাউন্সিলর শেফালী বেগম, পৌর ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি কুদ্দুস মহলদার, সাধারণ সম্পাদক সোহেল, আলুকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মো. মিজানুর রহমান মিজান, আব্দুল হান্নান, জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি মো. হাফিজুর রহমান মুক্ত, শামসুল হক ঝণ্টু, প্রচার সম্পাদক মাবুদ সরকার, শিল্পবিষয়ক সম্পাদক শাহাজামাল, তাঁতীবিষয়ক সম্পাদক মহাসিন আলী, হাসান আলী, রুবেল হাসান, রাজিব হাসান, হাফিজ উদ্দিন হ্যাপি, তুহিন ইসলাম, আব্দুল লতিফুফতো, বাবলু রহমান, রনি হোসেন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আরিফুআহমেদ শিপ্লব, মেহেদী হাসান সোহাগ, সোহেল সিদ্দিকী সোহেল, ইকবাল আহমেদ, শামিউজ্জামান মিশা, মো. রাজা, জিতু হাসান, কনক, মেহেদী, মাহাবুব, শান্ত, সোহাগ, মিনারুল, আরমান লিমন প্রমুখ।

আলোচনা সভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করে দোয়া করা হয়।

- প্রতিদিন ডেস্ক